

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
গোপালগঞ্জ।

নং-১৭.১১.৩৫০০.০০০.৩৬.০০১.১৮-

২২৭

তারিখ : ১২ নভেম্বর ২০১৮

গণ-বিজ্ঞপ্তি


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, জেলা প্রশাসক, গোপালগঞ্জ ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ০৮ নভেম্বর ২০১৮/২৪ কার্তিক ১৪২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৩৬ মূলে ঘোষিত সময়সূচি গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করিয়াছেন:

(ক)	রিটার্নিং অফিসার / সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ অক্টোবর ১৪২৫ (বুধবার) ২৮ নভেম্বর ২০১৮
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৮ অক্টোবর ১৪২৫ (রবিবার) ০২ ডিসেম্বর ২০১৮ ২৫ অক্টোবর ১৪২৫
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	: (রবিবার) ০৯ ডিসেম্বর ২০১৮
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১৬ পৌষ ১৪২৫(রবিবার) ৩০ ডিসেম্বর ২০১৮

২। পূর্বোক্ত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২১৬ গোপালগঞ্জ-২ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৮ নভেম্বর ২০১৮/১৪ অক্টোবর ১৪২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়)এবং আমার সহকারী রিটার্নিং অফিসারগণের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর ও উপজেলা নির্বাচন অফিসার, কাশিয়ানী এর কার্যালয়) মনোনয়নপত্র গৃহীত হবে।

উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনে মনোনয়নপত্র দেয়ারও সুযোগ রয়েছে।

স্থান : গোপালগঞ্জ
তারিখ : ১২/১১/২০১৮ খ্রিঃ


(মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার)
জেলা প্রশাসক, গোপালগঞ্জ
ও
রিটার্নিং অফিসার &
নির্বাচনী এলাকা নং : ২১৬ গোপালগঞ্জ-২

তারিখ : ১২ নভেম্বর ২০১৮

নং-১৭.১১.৩৫০০.০০০.৩৬.০০১.১৮-

২২৭

অনুগ্রহিণী সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :


- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- ৪। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
- ৫। গোপালগঞ্জ। তাকে গণ-বিজ্ঞপ্তি তার

অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হল।

৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, গোপালগঞ্জ সদর। এতদসাথে ২৫(পঁচিশ)কপি গণ-বিজ্ঞপ্তি প্রেরণ করা হল। বিজ্ঞপ্তি তার অফিসের নোটিশ বোর্ডের এবং ইউনিয়ন পরিষদের মাধ্যমে জারি করার জন্য এবং নির্বাচনী এলাকার দ্রষ্টব্য স্থানসমূহে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৭। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ। এতদসাথে ২৫(পঁচিশ)কপি গণ-বিজ্ঞপ্তি প্রেরণ করা হল। বিজ্ঞপ্তি তার অফিসের নোটিশ বোর্ডের এবং ইউনিয়ন পরিষদের মাধ্যমে জারি করার জন্য এবং নির্বাচনী এলাকার দ্রষ্টব্য স্থানসমূহে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৮। উপজেলা নির্বাচন অফিসার, গোপালগঞ্জ সদর/কাশিয়ানী, গোপালগঞ্জ।


জেলা প্রশাসক, গোপালগঞ্জ

ও
রিটার্নিং অফিসার &
নির্বাচনী এলাকা নং : ২১৬ গোপালগঞ্জ-২